গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা-১
www.sylhetdiv.gov.bd

বিষয়: বিভাগীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মশিউর রহমান বিভাগীয় কমিশনার
সভার তারিখ	: ১৯ অক্টোবর ২০২৬
সভার সময়	: দুপুর ১:০০ টা
স্থান	: বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর সম্মেলন কক্ষ
উপস্থিতি	: তালিকা সংযুক্ত

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুরোধক্রমে অত্র কমিটির সদস্য সচিব ও মেট্রোপলিটন নিরাপদ খাদ্য অফিসার সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। সদস্য সচিব কর্তৃক আলোচ্য সূচিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করা হলে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র. নং.	আলোচ্যসূচি ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	**বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, মেট্রোপলিটন কার্যালয়, সিলেট এর কার্যক্রম অবহিতকরণ:** নিরাপদ খাদ্য অফিসার, সিলেট ও সদস্য সচিব, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ মেট্রোপলিটন কার্যালয়ের সার্বিক কার্যক্রম সম্মানিত সদস্যদের জ্ঞাতার্থে সভায় উপস্থাপন করেন। মেট্রোপলিটন কার্যালয় স্থাপনের পর থেকে খাদ্য স্থাপনায় নিয়মিত মনিটরিং, খাদ্য ব্যবসায় সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদান, নিরাপদ খাদ্য বিষয়ক সেমিনার/কর্মশালা আয়োজন, স্কুল-কলেজে নিরাপদ খাদ্য সংশ্লিষ্ট লিফলেট বিতরণ/প্রচার-প্রচারণাসহ বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। তাছাড়া নিরাপদ খাদ্য কমিটির সম্মানিত সদস্যগণ মেট্রোপলিটন কার্যালয়ের কার্যক্রম আরো গতিশীল ও ফলপ্রসূ করার উপর সভায় মতামত ব্যক্ত করেন।	১.১. খাদ্য স্থাপনায় নিয়মিত মনিটরিং, খাদ্য ব্যবসায় সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদান, নিরাপদ খাদ্য বিষয়ক সেমিনার/কর্মশালা আয়োজন, স্কুল-কলেজে নিরাপদ খাদ্য সংশ্লিষ্ট লিফলেট বিতরণ/প্রচার-প্রচারণা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ১.২. মেট্রোপলিটন কার্যালয়ের কার্যক্রম আরো গতিশীল ও ফলপ্রসূ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	নিরাপদ খাদ্য অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, মেট্রোপলিটন কার্যালয়, সিলেট ।

০২	**নমুনা সংগ্রহ, প্রেরণ ও পরীক্ষিত রিপোর্ট বিষয়ক কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ:** সভায় বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, মেট্রোপলিটন কার্যালয়, সিলেট প্রতিমাসে বিভিন্ন প্রকার নমুনা রিপোর্ট সংগ্রহপূর্বক প্রধান কার্যালয় বরাবর প্রেরণ, নিয়মিত মনিটরিং এবং নিয়মিত খাদ্যপণ্যের নমুনা সংগ্রহের পাশাপাশি শিশুদের খাদ্যপণ্য ও মানুষের দৈনন্দিন আহার্যের নমুনা সংগ্রহ করে ল্যাব টেস্টিং এর জন্য প্রেরণ করা হচ্ছে মর্মে সভায় জানানো হয়। সিলেট জেলা ও মেট্রোপলিটন অফিস থেকে মে ও জুন-২০২৬ মাসে ১. পুষ্টি ড্রিংকিং ওয়াটার ২. ব্রিটানিয়া ড্রিংকিং ওয়াটার ৩. একুয়াফিনা ড্রিংকিং ওয়াটার ৪. সান ড্রিংকিং ওয়াটার ৫. MDH Kashmiri Mirch ৬. Vanilla Salt-E ৭. Farm Fresh UHT Milk ৮. উৎস হট টমেটো সস সর্বমোট ০৮টি খাদ্যপণ্যের নমুনা সংগ্রহপূর্বক ল্যাব টেস্টিং এর জন্য প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় উল্লেখ করা হয়। উক্ত কার্যক্রমে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে কোন সমস্যা/ভেজাল পরিলক্ষিত হলে প্রয়োজনে আইনী ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	২.১. নিয়মিত খাদ্যপণ্যের নমুনা সংগ্রহ, মনিটরিং এবং মোবাইল কোর্ট পরিচালনা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ২.২. রিপোর্টে ভেজাল পরিলক্ষিত হলে ভেজাল/অনিরাপদ খাদ্যের বিষয়ে প্রয়োজনে আইনী ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। নিরাপদ খাদ্য অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, মেট্রোপলিটন কার্যালয়, সিলেট
০৩	**মোবাইল কোর্ট সম্পর্কে অবহিতকরণ:** নিরাপদ খাদ্য অফিসার, সিলেট ও সদস্য সচিব, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ মেট্রোপলিটন জানান গত মে ও জুন ২০২৬ মাসে ভেজাল বিরোধী কার্যক্রমে সিলেট জেলায় ভেজাল আইসক্রীম প্রস্তুত ও বিক্রয়কারী একটি প্রতিষ্ঠানে মোবাইল কোর্টের মাধ্যমে উক্ত প্রতিষ্ঠানের মালিককে নিরাপদ খাদ্য আইনে এক বছরের কারাদন্ড প্রদান করা হয় এবং সিলেট মেট্রোপলিটন এলাকায় ভেজাল আইসক্রীম প্রস্তুত ও বিক্রয়কারী আরেকটি প্রতিষ্ঠানের মালিককে নিরাপদ খাদ্য আইনে এক বছরের কারাদন্ড প্রদান করা হয়। ভেজালরোধে মোবাইল কোর্ট কার্যক্রম আরো গতিশীল করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।	৩.১. ভেজালরোধে মোবাইল কোর্ট কার্যক্রম আরো গতিশীল করতে হবে।	
০৪	**ঘন চিনির ব্যবহার বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ:** সিলেট জেলা ও মেট্রোপলিটন এলাকায় কিছু অসাধু আইসক্রীম ফ্যাক্টরীগুলো অধিক লাভের আশায় আইসক্রীম তৈরীতে ব্যাপকভাবে ঘন চিনির ব্যবহার করছে যা শিশুদের শরীরের জন্য খুবই মারাত্মক মর্মে সভায় জানানো হয়। তাছাড়া ঘন চিনির ব্যবহার রোধে জেলা প্রশাসন, সিলেট ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, সিলেট কর্তৃক আশা আইসবার ও নূরানী আইসবারের ফ্যাক্টরীতে নিরাপদ খাদ্য আইন-২০১৩ অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনা মাধ্যমে আশা আইসবারের কর্তৃপক্ষকে নগদ ৫০,০০০/- টাকা জরিমানা ও এক বছরের কারাদন্ড এবং নূরানী আইসবারের কর্তৃপক্ষকে নগদ ১,০০,০০০/- টাকা জরিমানা ও এক বছরের কারাদন্ড প্রদান করা হয়। এছাড়াও মোবাইল কোর্টের কাজে অসহযোগিতা করায় নূরানী আইসবারের ০৭ জন কর্মচারীকে পুলিশ হেফাজতে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয় । ঘন চিনির ব্যবহার বন্ধে মোবাইল কোর্ট কার্যক্রম আরো গতিশীল করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।	৪.১. ঘন চিনির ব্যবহার বন্ধে মোবাইল কোর্ট কার্যক্রম আরো গতিশীল করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), সিলেট। ২। নিরাপদ খাদ্য অফিসার, মেট্রোপলিটন কার্যালয়, সিলেট

০৫	**খাদ্যে ভেজালরোধে মোবাইল ল্যাবরেটরী ভ্যানের মাধ্যমে খাদ্য নমুনা সংগ্রহ ও পরীক্ষাকরণ সংক্রান্ত:** নিরাপদ খাদ্য অফিসার জানান, মোবাইল ল্যাবরেটরী ভ্যানের মাধ্যমে সিলেট বিভাগে মে/২০২৬ মাসে ১৬৫টি খাদ্য নমুনা পরীক্ষা করা হয়েছে এবং এ ধারা অব্যাহত আছে মর্মে সভাকে অবহিত করেন।	৫.১. মোবাইল ল্যাবরেটরী ভ্যানের মাধ্যমে নিয়মিত খাদ্য নমুনা পরীক্ষা অব্যাহত রাখতে হবে।	নিরাপদ খাদ্য অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, মেট্রোপলিটন কার্যালয়, সিলেট ।
০৬	**বিশুদ্ধ খাদ্য আদালতে মামলা দায়ের সংক্রান্ত:** বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, সিলেট কর্তৃক প্রতিমাসে খাদ্যপণ্যের নমুনা সংগ্রহ করে ল্যাব টেস্টিং এর জন্য প্রধান কার্যালয়ে প্রেরণ করা হচ্ছে এবং সকলের জন্য নিরাপদ খাদ্য নিশ্চিত করার লক্ষ্যে হোটেল-রেস্তোঁরা ও অন্যান্য খাদ্য স্থাপনাসমূহে নিয়মিত মনিটরিং এবং মোবাইল কোর্ট পরিচালনা কার্যক্রম অব্যাহত রয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। তাছাড়া উক্ত কার্যক্রমের ফলাফলের ভিত্তিতে কোন ভেজাল পরিলক্ষিত হলে ভেজাল/অনিরাপদ খাদ্যের বিষয়ে বিশুদ্ধ খাদ্য আদালতে মামলা দায়েরের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। সদস্য সচিব জানান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, সিলেট কর্তৃক গত ২০ মে ২০২৬ তারিখ ও ১৬ জুন ২০২৬ তারিখে মোবাইল কোর্ট এর মাধ্যমে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর অনুযায়ী ০২টি ভেজাল খাদ্য প্রস্তুতকারী ও বিক্রয়কারী প্রতিষ্ঠানকে ০১ বছরের কারাদন্ড প্রদান করা হয়েছে।	৬.১. নিরাপদ খাদ্য নিশ্চিতের লক্ষ্যে মনিটরিং কার্যক্রম আরো গতিশীল ও ফলপ্রসূ করতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। ৬.২. ফলাফলে ভেজাল পরিলক্ষিত হলে ভেজাল/অনিরাপদ খাদ্যের বিষয়ে বিশুদ্ধ খাদ্য আদালতে মামলা দায়ের এবং শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।	নিরাপদ খাদ্য অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, মেট্রোপলিটন কার্যালয়, সিলেট ।
০৭	**পোড়াতেল সংগ্রহ সংক্রান্ত:** সভায় সিলেট জেলা ও মেট্রোপলিটন এলাকা হতে Munzer Bangla PVT. Ltd. And Biotech Energy Ltd কর্তৃক এপ্রিল/২০২৬ ও মে/২০২৬ মাসে সর্বমোট ১৩,২৪২.২ লিটার পোড়াতেল সংগ্রহ করা হয়েছে মর্মে উপস্থাপন করা হয়। সদস্য সচিব পোড়াতেল সংগ্রহ কার্যক্রম প্রতিমাসে চলমান রয়েছে বলে সভাকে অবগত করেন। সভাপতি পোড়াতেল সংগ্রহ কার্যক্রম চলমান রাখতে সকলকে সহযোগিতা প্রদানের অনুরোধ জানান।	৭.১. পোড়াতেল সংগ্রহ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	নিরাপদ খাদ্য অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, মেট্রোপলিটন কার্যালয়, সিলেট ।
০৮	**খাদ্যকর্মীদের প্রশিক্ষণ প্রদান:** নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে ও ভবিষ্যৎ প্রজন্মকে নিরাপদ খাদ্য সম্পর্কে সচেতন করতে সিলেট জেলায় কর্মরত খাদ্যকর্মীদের নিরাপদ খাদ্য বিষয়ক প্রশিক্ষণ এবং হোটেল-রেঁস্তোরা ও খাদ্যশিল্পে নিয়োজিত খাদ্যকর্মীদের ক্যাটাগরি ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সিলেট জেলা ও মেট্রোপলিটনসহ সকল উপজেলায় প্রতিমাসে বিভিন্ন খাদ্যস্থাপনায় আলাদা আলাদাভাবে উক্ত প্রতিষ্ঠানে কর্মরত খাদ্যকর্মীদের অংশগ্রহণে প্রশিক্ষণ আয়োজন করা হয়ে থাকে মর্মে সভায় জানানো হয়। তাছাড়া বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় সিলেটে "শিক্ষকদের নিরাপদ খাদ্য এবং খাদ্যের নিরাপদা বিষয়ে প্রশিক্ষণ" ও "স্ট্রিট ফুড তৈরী/বিক্রয় সংশ্লিষ্টদের নিরাপদ খাদ্য এবং খাদ্যের নিরাপদতা বিষয়ে প্রশিক্ষণ" প্রদান করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।	৮.১. সিলেট জেলায় কর্মরত খাদ্যকর্মীদের নিরাপদ খাদ্য বিষয়ক প্রশিক্ষণ এবং হোটেল-রেঁস্তোরা ও খাদ্যশিল্পে নিয়োজিত খাদ্যকর্মীদের ক্যাটাগরি ভিত্তিক নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৮.২. সিলেট মেট্রোপলিটন এলাকায় নিরাপদ খাদ্য নিশ্চিতে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, মেট্রোপলিটন কার্যালয়, সিলেট।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তিঃ

(১) হাজিরা

০৩-১১-২০২৬
মোঃ মশিউর রহমান
বিভাগীয় কমিশনার
ফোন : ০২৯৯৬৬৪৩২৬৬
ইমেইল : divcomsylhet@mopa.gov.bd

তারিখ: ১৮ কার্তিক ১৪৩৩
০৩ নভেম্বর ২০২৬

নম্বর: ০৫.৪৬.০০০০.০০০.০০৫.০৬.০০০১.২৬.৪৪৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। সচিব, খাদ্য মন্ত্রণালয়।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৪। উপ-মহাপুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট।
৫। সদস্য (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৬। পরিচালক, বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট।
৭। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট।
৮। জেলা প্রশাসক, সিলেট।
৯। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
১০। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
১১। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
১২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
১৩। পরিচালক, বিভাগীয় প্রাণীসম্পদ দপ্তর, সিলেট।
১৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।
১৫। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।
১৬। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট।
১৭। অতিরিক্ত/যুগ্ম পরিচালক, এনএসআই, সিলেট বিভাগ, সিলেট।
১৮। পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট।
১৯। উপ-পরিচালক, বিভাগীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, সিলেট।
২০। প্রশাসক, সিলেট সিটি কর্পোরেশন মনোনীত প্রতিনিধি।
২১। উপ-পরিচালক/সহকারী পরিচালক, বিএসটিআই আঞ্চলিক অফিস, সিলেট।
২২। সভাপতি, সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ড্রাস্টি, সিলেট।
২৩। সভাপতি, বিভাগীয় কনজিউমারস অ্যাসোসিয়েশন, সিলেট।
২৪। সভাপতি, সিলেট জেলা প্রেস ক্লাব।
২৫। জনাব মো: নজরুল ইসলাম বাবলু, ফিজা এন্ড কোং, সিলেট।
২৬। জনাব নুরুজ্জামান সিদ্দিকী মুক্তা, পানসী রেস্টুরেন্ট, সিলেট।
২৭। জনাব সালাউদ্দিন বাবলু, উন্দাল কিং কাবাব, সিলেট।
২৮। জনাব জসিম উদ্দিন খন্দকার, ফুলকলি ফুড প্রোডাক্টস, সিলেট।
২৯। জনাব মো: আরিফুল ইসলাম, বনফুল এন্ড কোং, সিলেট।
৩০। জনাব মো: সেলিম উদ্দিন, ওয়েল ফুড বেভারেজ, সিলেট।
৩১। নিরাপদ খাদ্য কর্মকর্তা, বিভাগীয় কার্যালয়, সিলেট।
৩২। সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৩-১১-২০২৬
মোঃ মশিউর রহমান
কমিশনার